

মনিজা রহমান উচ্চ বালিকা বিদ্যালয়ের পরম শ্রদ্ধেয় শিক্ষক জনাব মাহমুদ হাসান (মন্ডল স্যার) কে আমাদের-

শ্রদ্ধাঞ্জলী

হে পরম পূজনীয় শিক্ষক!

আপনি আমাদের কাছে একজন অনন্য সাধারণ গুন- সম্পন্ন আদর্শ শিক্ষক ছিলেন। আপনার মত সুযোগ্য শিক্ষকের অপরিসীম শ্রম ও পরিচালনায় বিদ্যালয় বিভিন্ন পর্যায়ে কুড়িয়েছে ব্যাপক সুনাম। আপনার উজ্জ্বল আদর্শ আজও আমাদের প্রেরণার উৎস।

হে জ্ঞান তাপস!

আপনাকে আমরা দেখেছি এক প্রদীপ্ত প্রজ্ঞার আলোকে। এই বিদ্যালয়টিকে আপনি যে একটি আদর্শ ও শ্রেষ্ঠ বিদ্যালয়ে পরিণত করেছেন তা আপনার গভীর প্রজ্ঞার এক জলন্ত নিদর্শন। প্রতি বছর পরীক্ষার সন্তোষজনক ফলাফল, খেলাধুলা, সংস্কৃতি চর্চা ও নিয়মানুবর্তিতায় এই স্কুল ছিল এই অঞ্চলের এক গৌরবোজ্জ্বল আসনের অধিকারী। এ জন্য আপনি আমাদের অন্তরের সন্তোষজনক ধন্যবাদ গ্রহণ করুন।

হে সাধক,

আপনার অতল জ্ঞান সমুদ্রতীরে আমরা নোঙর ফেলার চেষ্টা করেছি, হয়তো বা সফল হয়েছি, হয়তো বা হইনি। কিন্তু আপনার সজাগ দৃষ্টিভঙ্গি, সতর্ক চালচলন, মার্জিত ব্যবহার, সত্যের প্রতি প্রগাঢ় অনুরাগ ও গভীর প্রজ্ঞা সম্পন্ন ব্যক্তিত্বের প্রভাবে আমরা নিজেদের বহুলাংশে সুন্দর রূপে প্রকাশ্য করতে পেরেছি। আপনার আদর্শ অনুপ্রাণিত হয়ে আমাদের ছোট বোন, আপনারই স্নেহজন্য ছাত্রী সুলতানা নুরুন্নাহার কেয়া বিজ্ঞানী হিসেবে নাসায় কর্মরত। এছাড়া বিজ্ঞানের গবেষণা ক্ষেত্রে বিশেষ অবদান রাখার জন্য সুদূর আমেরিকায় তাকে লাইফ টাইম ফেলোশিপ উপাধিতে ভূষিত করা হয়েছে।

অংকুর থেকেই জন্ম হয় মহীরুহের আপনার যোগ্য শিক্ষায় শিক্ষিত হয়ে আজ অনেকেই বরণ্য। এদের মাঝে উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে কেউ প্রবাসে কেউ বা দেশে উচ্চ আসনে অধিষ্ঠিত।

হে নির্ভীক কর্মী!

কর্মই আপনার প্রান, কর্মই আপনার জীবনের সাধনা। তাই দেশ হিতৈষনার আলোকবর্তিকা হাতে নিয়ে আজও এগিয়ে চলেছেন আপনি।

অত্র বিদ্যালয়ের মানুষের দারিদ্র হচ্ছে নিত্যসঙ্গী। প্রতি পদে পদে বিঘ্নিত হচ্ছে এদের শিক্ষা সেখানেও আপনার দয়ার হাত প্রসারিত।

আজও বিদ্যালয়ের দরিদ্র ছাত্রীদের সাহায্যার্থে আপনি প্রতি বছর দান করছেন অর্থ।

সময়ের বিবর্তনে বয়সের মাপকাঠিতে স্কুল ছেড়ে চলে যেতে হয়েছে আপনাকে কিন্তু এই বিদ্যাপীঠের সব সময়ই প্রয়োজন আপনাকে।

হে বিদ্যায়ী শিক্ষার দূত!

আপনাকে ঘিরে আজ মনে পড়ছে কতকথা। আমাদের আচরণ, আমাদের ক্রটি বিচ্যুতি অনেক সময়ে আপনাকে কষ্ট দিয়েছে। আপনি তা নিজগুনে ক্ষমা করে দেবেন।

সর্বশেষে প্রার্থনা, পরম স্রষ্টার মঙ্গলালোকে আলোকময় হয়ে উঠুক আপনার সুন্দর জীবন।

আপনারই গুনমুগ্ধ
রাজ্জাক সামসুন্নাহার
এডুকেশনাল চ্যারেটি বোর্ড